



নভেম্বরে রাজউককে বিল্ডিং কোড চূড়ান্ত করার নির্দেশ: পরিবেশ উপদেষ্টা



সংগৃহীত ছবি

পরিবেশ উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান বলেছেন, রাজধানী ঢাকার বাসযোগ্যতা ও স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করতে আগামী নভেম্বরে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষকে (রাজউক) বিল্ডিং কোড চূড়ান্ত করতে হবে। পাশাপাশি শহরের নদী ও খালগুলোর রক্ষণাবেক্ষণেও গুরুত্ব দেওয়ার আহ্বান জানিয়েছেন তিনি।

ঢাকার বাসযোগ্যতা বৃদ্ধি এবং নাগরিকদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষকে (রাজউক) আগামী নভেম্বরে বিল্ডিং কোড চূড়ান্ত করতে হবে বলে মন্তব্য করেছেন পরিবেশ উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান।

বুধবার (২৪ সেপ্টেম্বর) রাজধানীর একটি হোটেলে অনুষ্ঠিত সেপটিক ট্যাংক ও স্যুয়েজ ট্রিটমেন্ট প্ল্যান্ট (এসটিপি) স্থাপন সংক্রান্ত সভায় তিনি বলেন, ঢাকার বর্জ্য ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থাপনা আইনগতভাবে বাধ্যতামূলক। এই প্রকল্প ধাপে ধাপে বাস্তবায়ন করতে হবে এবং এর জন্য রাজউক ও ওয়াসাকে সক্রিয় দায়িত্ব নিতে হবে।

তিনি আরও বলেন, বুড়িগঙ্গাসহ ঢাকার চারপাশের নদী রক্ষা করা কঠিন হলেও অসম্ভব নয়। নদীর সঙ্গে সংযুক্ত খালগুলো পরিষ্কার রাখতে সকলের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।